



Enduring Value

## আইটিসি লিমিটেড

সিআইএন: L16005WB1910PLC001985

রেজিস্টার্ড অফিসঃ ভার্জিনিয়া হাউস, ৩৭ জওহরলাল নেহেরু রোড, কলকাতা ৭০০০৭১

ফোন: +৯১-৩৩-২২৮৮ ৯৩৭১ • ফ্যাক্স: +৯১-৩৩-২২৮৮ ২৩৫৮ • ইমেল: isc@itc.in • ওয়েবসাইট: www.itcportal.com

### বুক ক্লোজারের বিজ্ঞপ্তি

১৬ মে, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভায় কোম্পানির বোর্ড অফ ডিরেক্টরস্ ৩১ মার্চ, ২০১৮ সালে সমাপ্ত আর্থিক বছরের জন্য প্রতি ১ টাকার সাধারণ শেয়ারে ৫.১৫ টাকা লভ্যাংশ ঘোষণা করেছেন। এই সুপারিশ শুক্রবার, ২৭ জুলাই, ২০১৮ তারিখে নির্দিষ্ট ১০৭তম বার্ষিক সাধারণ সভায় সদস্যগণ দ্বারা ঘোষিত হওয়ার ওপর নির্ভরশীল।

এতদ্বারা বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে, কোম্পানি অ্যাক্ট, ২০১৩ (অ্যাক্ট)-এর ৯১ ধারা অনুযায়ী, উপরোক্ত লভ্যাংশ প্রদানের উদ্দেশ্যে কোম্পানির সদস্যদের রেজিস্টার মঙ্গলবার, ২৯ মে, ২০১৮ তারিখ থেকে বৃহস্পতিবার ৩১ মে, ২০১৮ তারিখ পর্যন্ত, উভয় দিন সহ বন্ধ থাকবে।

সোমবার, ২৮ মে, ২০১৮ তারিখের বিকেল ৫.৩০-এর মধ্যে কোম্পানির ইনভেস্টর সার্ভিস সেন্টার, ৩৭ জওহরলাল নেহেরু রোড, কলকাতা ৭০০০৭১ এই ঠিকানায় যথাযথভাবে গৃহীত শেয়ার ট্রান্সফারকারী অথবা তাঁদের যথাযথ অধিকারীরা লভ্যাংশ প্রদানের জন্য বিবেচিত হবেন, যদি তা ঘোষিত হয়, এবং এই লভ্যাংশ যদি ঘোষিত হয় তবে তা উপযুক্ত সদস্যদের, যাঁদের নাম অথবা তাঁদের যথাযথ অধিকারীদের নাম কোম্পানির সদস্যদের রেজিস্টারে ৩১ মে, ২০১৮ তারিখে নথিভুক্ত থাকবে, অ্যাক্টের ১২৬ ধারা অনুযায়ী, সোমবার, ৩১ জুলাই, ২০১৮ তারিখে প্রদান করা হবে। ডিমেটেরিয়ালাইজড শেয়ারের ক্ষেত্রে, লভ্যাংশ প্রদেয় হবে ২৮ মে, ২০১৮ তারিখে স্বত্ত্বের ওপর নির্ভর করে এবং এই উদ্দেশ্যে ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরি লিমিটেড (এনএসডিএল) এবং সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড (সিডিএসএল) দ্বারা প্রদত্ত বিবরণ অনুযায়ী।

আইটিসি লিমিটেড

আর. কে. সিংহী

এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট

ও কোম্পানি সেক্রেটারি

তারিখঃ ১৬ মে, ২০১৮।